

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৬৫

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ (১৩) মাথা মুন্ডন ও কুরবানী করা - হাজীর জন্য কঙ্কর নিক্ষেপের আগে কুরবানী করা অথবা কুরবানী করার আগে মাথা মুন্ডন করা বৈধ, এসব কাজ কোন ক্ষতিকে অবধারিত করে না মর্মে বর্ণনা

13 - بَابُ الْحَلْقِ وَالذَّبْحِ - ذِكْرُ الْإِبَاحَةِ لِلْحَاجِّ أَنْ يَذْبَحَ قَبْلَ الرَّمْيِ أَوْ يَحْلِقَ قَبْلَ الذَّبْحِ مِنْ غَيْرِ حَرْجٍ يَلْزَمُهُ فِي ذَلِكَ الْفِعْلِ

আরবী

3865 - أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى بْنِ زُهَيْرٍ بِتُسْتَرٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ الدُّورَقِيُّ قَالَ: حَدَّثَنَا هُشَيْمٌ عَنْ مَنْصُورٍ عَنْ عَطَاءٍ عَنْ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سُئِلَ عَنْ رَجُلٍ حَلَقَ قَبْلَ أَنْ يَذْبَحَ أَوْ ذَبَحَ قَبْلَ أَنْ يَرْمِيَ فَجَعَلَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (لَا حَرْجَ) الرَّاوِي: ابْنُ عَبَّاسٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3865 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1731): ق.

বাংলা

৩৮৬৫. ইবনু আব্বাস রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ঐ ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হয়, যে ব্যক্তি কুরবানী করার আগে মাথা মুন্ডন করেছে অথবা কঙ্কর নিক্ষেপ করার আগে কুরবানী করেছে। তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলতে লাগলেন, “কোন ক্ষতি নেই।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/২১৬; সহীহুল বুখারী: ১৭২১; তাবারানী আল কাবীর: ১১৩৫০; তাহাবী: ২/২৩৬; সুনান বাইহাকী: ৫/১৪৩; ইবনু মাজাহ: ৩০৫০; বাগাবী: ১৯৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন।
আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৭৩১)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93204>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন